দৈনিক খবর

তারিখ 22 JUN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

### এইচএসসি পরীক্ষার তৃতীয় দিন

# বিভিন্ন স্থানে পুলিশের সাথে ছাত্রদের সংঘর্ষ ঃ আহত ২২

।। স্টাফ রিপোর্টার ।।

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল সোমবার দেশের চারটি শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত বিভিন্ন কেন্দ্রে ব্যাপক গোলযোগের খবর পাওয়া গেছে। চট্টগ্রামের আনোয়ারা ও সাতকানিয়ায় ছাত্র-পুলিশ সংঘর্ষে ২২ জন আহত হয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা স্থানীয় এডিসির গাড়ী ভাঙচুর করেছে। এছাড়াও সাতকানিয়া ও মৌলভী বাজারে ব্যাপক সংঘর্ষ হয়েছে। পুলিশ আনোয়ারা কেন্দ্র থেকে আটজন সংঘর্ষকারীকে গ্রেফতার করেছে। তাদের নাম জানা যায়নি। তৃতীয় দিনেও চারটি বোর্ডের আওতায় এক সহস্রাধিক পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কৃত হয়েছে। এর মধ্যে ঢাকায় ৪শ' ৭৫ জন, কুমিল্লায় ৫১৮ জন এবং যশোরে ৮৬ জন বহিস্কৃত হবার খবর পাওয়া গেছে। এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল সোমবার ইংরেজী প্রথমপত্র পরীক্ষায় ঢাকা বোর্ডের আওতায় বিভিন্নস্থানে ৪শ' ৭৫ জন ছাত্রছাত্রীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার করা হয়েছে।

ঢাকায় ২১ জন, নারায়ণগঞ্জে ৩ জন, গাজীপুরে ৬৮ জন, মুন্সীগঞ্জে ছ'জন, মানিকগঞ্জে ২৮ জন, ময়মনসিংহে এক শ' ৭৪ জন, জামালপুরে ২৩ জন, টাঙ্গাইলে ৪৩ জন, ফরিদপুরে ২৪ জন, মাদারীপুরে ৩৭ জন, শরীয়তপুরে ৯ জন, শেরপুরে ৬ জন, গোপালগঞ্জে ১১ জন, রাজবাড়ীতে ৫ জন ও নেত্রকোনায় ১৭ জন ছাত্রছাত্রী বহিস্কৃত হয়েছে। ঢাকার কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর

৭-এর পাতা ৭ম কঃ দেখুন

# বিভিন্ন স্থানে পুলিশের

প্রথম পৃষ্ঠার পর

পাওয়া যায়নি। কোন শিক্ষককেও অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার করা হয়নি। যশোর বোর্ডের অধীনে পাঁচটি জেলা থেকে মোট ৮৬ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার করা হয়েছে। এর মধ্যে যশোর জেলায় ২৭ জন, খুলনায় ৯ জন, কুষ্টিয়ায় ২১ জন, পটুয়াখালীতে ১১ জন এবং বরিশালে ১৮ জন ছাত্রছাত্রী বহিস্কৃত হয়েছে বলে যশোর শিক্ষা বোর্ড সূত্রে জানা যায়।

কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত গতকালের এইচএসসি পরীক্ষায় ব্যাপক গোলযোগের খবর পাওয়া গেছে। চট্টগ্রামের আনোয়ারা ও সাতকানিয়ায় ছাত্রদের বহিস্কার করা হলে এর প্রতিবাদে তারা কেন্দ্রের আসবাবপত্র ভাংচুর ও পুলিশের সাথে সংঘর্ষে লিপ্ত হয়। পুলিশসহ এতে ২২ ব্যক্তি আহত হয় এবং আটজনকে গ্রেফতার করা হয়। কুমিল্লা বোর্ডের আওতাধীন বিভিন্ন কেন্দ্র থেকে ৫শ' ১৮ জন ছাত্রছাত্রীকে বহিস্কার করা হয়েছে। এরমধ্যে কুমিল্লা জেলায় ১শ' তিন জন, চাঁদপুরে ৪ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৩৯ জন, ফেনীতে ২৩ জন, চট্টগ্রামে ৩৪৯ জন। এছাড়া সংঘর্ষ কবলিত আনোয়ারা ও সাতকানিয়ায় ৩১ জন ও ৭ জনকে বহিস্কার করা হয়েছে। আমাদের কুমিল্লা সংবাদদাতা কুমিল্লা বোর্ডের উদ্ধৃতি দিয়ে জানিয়েছেন,

চট্টগ্রামের আনোয়ারা থানার পরীক্ষাকেন্দ্রে ৩১ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার করা হলে ছাত্ররা বহিরাগতদের সহায়তায় কেন্দ্রের অভ্যন্তরে ব্যাপক ভাংচুর শুরু করে। নিরাপত্তা কর্মীরা তাদের বাধা দিলে পুলিশের সাথে তাদের সংঘর্ষ শুরু হয়। এক ঘন্টারও বেশী সময় সংঘর্ষ চলার পর বিক্ষুব্ধ ছাত্ররা এডিসির গাড়ী ভাংচুর করেছে। গোলযোগ চলাকালে পাঁচজন পুলিশ কর্মীসহ ২২ ব্যক্তি আহত হয়েছে। তাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ৮ ব্যক্তিকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে। সাতকানিয়া কেন্দ্রেও একই রকম সংঘর্ষ হয়েছে। ঐ কেন্দ্র থেকে সাত জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছিল। তবে পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি।

গোপালগঞ্জ থেকে আহাম্মাদ আলী খান জানিয়েছেন; গতকাল ইংরেজী ১ম পত্রের পরীক্ষায় জেলার মোট ৮টি কেন্দ্রের ৭টিতে বিভিন্ন অভিযোগে ১১ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।

মৌলভীবাজার থেকে আবুল কালাম জিলা জানান, গতকাল ইংরেজী ১ম পত্রের পরীক্ষা চলাকালে কুলাউড়া কলেজে ১ জন ছাত্রকে বহিস্কারের ঘটনায় পরীক্ষা শেষে ছাত্ররা উত্তেজিত হয়ে পড়ে এবং ৩ জন শিক্ষককে প্রহার করে। ছাত্রদের পিটুনিতে অধ্যাপক কৌশিক আচার্য গুরুতর অবস্থায় একটি প্রাইভেট ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছেন। উত্তেজিত ছাত্ররা অধ্যক্ষের কক্ষ ভাংচুর করে এবং পরে উক্ত বহিস্কার প্রত্যাহারের দাবীতে ছাত্ররা এক ঘন্টা যাবৎ অধ্যক্ষকে তাঁর কক্ষে আটকে রাখে। পরে কুলাউড়া সদর ইউপি চেয়ারম্যানের সহায়তায় অধ্যক্ষ মুক্তি পান। গতকালের পরীক্ষায় মৌলভীবাজার জেলায় বিভিন্ন কেন্দ্রে মোট ১৩ জন পরীক্ষার্থী বহিস্কার হয়।